

পবিত্র মাহে রমজান-২০২৩ উপলক্ষে ডিএমপি ট্রাফিক বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী

- ১। ঢাকা মহানগরীতে দূরপাল্লার ও আন্তঃ জেলা বাস টার্মিনাল এর অভ্যন্তরে কোন বাসই সড়কে বাস রেখে বা থামিয়ে যাত্রী ওঠাবে না। যাত্রীরা টার্মিনালের ভিতরে থাকা অবস্থায় বাসের আসন গ্রহণ করতে পারেন। সংশ্লিষ্ট বাসের প্রতিনিধিদের এ বিষয়টি খেয়াল রাখতে হবে।
- ২। ঢাকা মহানগরীতে আন্তঃ জেলা ও দূর পাল্লার বাসগুলো টার্মিনাল সংলগ্ন প্রধান সড়কের অংশ দখল করে দাঁড়াবে না।
- ৩। ভ্রমণকালে ঢাকা মহানগরের প্রবেশ ও বাহির পথের গণপরিবহনগুলো শৃঙ্খলা মেনে চলতে হবে যেন কোন অযাচিত যানজটের সৃষ্টি না হয়।
- ৪। ঢাকা মহানগরী হতে ছেড়ে যাওয়া দূরপাল্লার যানবাহনগুলোকে অতিরিক্ত যাত্রী ও মালামাল বহন থেকে নিবৃত্ত থাকতে হবে।
- ৫। আন্তঃজেলা পরিবহনের যাত্রীগণ বা গমন প্রত্যাশীদের প্রধান সড়কে এসে অপেক্ষা বা দাঁড়িয়ে না থেকে টার্মিনালের ভিতরে অবস্থান করার জন্য আহবান করা হলো।
- ৬। ঢাকা মহানগরী হতে দূরপাল্লার রুটপারমিটবিহীন বা অননুমোদিত রুটে কোন বাস চলাচল করবে না। বাসের সাথে সংশ্লিষ্ট সকলে এ বিষয়টি কঠোরভাবে মেনে চলবেন এবং কর্তৃপক্ষকে সহায়তা করবেন।
- ৭। বাসের ভিতর যাত্রীদের অপরিচিত কারো কাছ থেকে কিছু না খাওয়ার জন্য পরামর্শ দেওয়া হলো।
- ৮। সংশ্লিষ্ট যাত্রীরা অবশ্যই যানবাহনে টিকিট বহন করবেন।
- ৯। যাত্রীদের মালামাল নিজ হেফাজতে সাবধানে রাখবেন।
- ১০। কোন যানবাহনেই ছাদের উপর অতিরিক্ত যাত্রী বহন করবে না।
- ১১। যাত্রী তোলার ক্ষেত্রে বাসের চালকরা এমন কোন অসম প্রতিযোগিতায় অংশ নিবেন না যেন সড়কের শৃঙ্খলা বিঘ্ন ঘটে ও জীবনহানীর সম্ভবনা থাকে।
- ১২। সকালে অফিসে গমনাগমকারী প্রত্যেককে পর্যাপ্ত সময় হাতে নিয়ে বাসা থেকে রওনা হওয়া।
- ১৩। ইফতার সন্নিহটে বাসায় রওনা না দিয়ে পর্যাপ্ত সময় হাতে নিয়ে বাসার উদ্দেশ্যে রওনা দেওয়া।
- ১৪। স্বল্প দূরত্বে যাতায়াতের ক্ষেত্রে রিক্সা, সিএনজি, বাস ইত্যাদি বাহন ব্যবহার না করে পায়ে হেটে চলাচল করা।
- ১৫। টার্মিনাল ভিত্তিক কাউন্টারগুলোতে ভাড়ার চার্ট প্রদর্শন করতে হবে।

=====***=====

৯